

2021 এর ডিসেম্বরে আইন পরিবর্তন হচ্ছে কোভিড-19 এর ছড়িয়ে পড়া থামাতে সহায়তা করুন



10 ডিসেম্বর শুক্রবার থেকে

উপাসনালয়, থিয়েটার এবং সিনেমা সহ ভবনের অভ্যন্তরীণ বেশিরভাগ পাবলিক ভেন্যুতে, সেইসাথে দোকান এবং হোয়ার্‌ডেসারের মতো জায়গাগুলোতে মুখের আবরণী বাধ্যতামূলক।



গণ পরিবহণেও মুখের আবরণী বাধ্যতামূলক।



কোথায় কোথায় মাস্ক লাগবে না?

পাব বা রেস্টোরাগুলোতে মাস্ক লাগবে না, এমনকি জিমের মতো জায়গাতেও লাগবে না যেখানে মাস্ক পরা বাস্তবানুগ নয়।



13 ডিসেম্বর সোমবার থেকে

লোকেরা যদি পারে তবে বাড়ি থেকে কাজ করতে হবে।



15 ডিসেম্বর বুধবার থেকে

নাইটক্লাব; 500 জনের বেশি লোক সহ ভবনের অভ্যন্তরীণ বসার ব্যবস্থা বিহীন স্থান; 4,000 এর বেশি লোক সহ বসার ব্যবস্থা বিহীন বহিঃস্থ স্থান; 10,000 এর বেশি লোক সহ যেকোনো স্থানে - প্রবেশের জন্য লোকেদের একটি এনএইচএস কোভিড পাস এর প্রয়োজন হবে - যেখানে তাদের টিকা দেওয়ার অবস্থা অথবা একটি সাম্প্রতিক নেতিবাচক ল্যাটেরাল ফ্লো টেস্ট দেখানো থাকবে।



একটি উচ্চ-ঝুঁকিপূর্ণ স্থানে - যেমন একটি জনাকীর্ণ স্থানে - প্রবেশ করার আগে আপনাকে ল্যাটেরাল ফ্লো টেস্ট (LFT) করার জন্য উৎসাহিত করা হচ্ছে - "আপনি সাধারণত যেসব মানুষের সংস্পর্শে আসেন না, বা যখন কোনো ঝুঁকিতে থাকা ব্যক্তিকে দেখতে যাচ্ছেন এই সম্পর্কিত"।

পরীক্ষা বা হোম টেস্ট কিট বুক করতে অনলাইনে www.suffolk.gov.uk/coronavirus-covid-19/getting-a-test/ যান অথবা 0333 772 6144 নম্বরে কল করুন (দোভাষী পাওয়া যায়)।